দৈনিক সংবাদ
তারিখ 19 OCT 1990
পৃষ্ঠা ১ কলাম ৩

২০

# উপাচার্যের সঙ্গে বৈঠক

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা সংক্রান্ত নতুন অধ্যাদেশ প্রতিরোধ সম্পর্কিত বিষয়ে আলোচনার জন্যে সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় উপাচার্য মনিরুজ্জামান মিঞার সাথে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা সম্পর্কিত নতুন অধ্যাদেশকে বিশ্ববিদ্যালয় স্বায়ত্ত-

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## উপাচার্যের সঙ্গে বৈঠক

(১ম পাতার পর)

শাসনের ওপর স্বৈরাচারের হস্তক্ষেপের নয়া ষড়যন্ত্র হিসেবে উল্লেখ করে উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এ অধ্যাদেশবিরোধী আন্দোলনে ছাত্রসমাজের সাথে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

উপাচার্য বিষয়টি বিবেচনা করবেন বলে ছাত্র নেতৃবৃন্দকে আশ্বাস দেন।